

**সমস্যা জর্জরিত ঐতিহ্যবাহী আমুয়া ফোরকানীয়া ও দাখিল মাদ্রাসা**

দক্ষিণবঙ্গের ঐতিহ্যবাহী স্বাধীন শিক্ষা প্রতিষ্ঠান আমুয়া ফোরকানীয়া মাদ্রাসা, কালক্যাঠী জেলার কাঠালিয়া স্থানীয় অর্ন্তগত ৩নং আমুয়া ইউনিয়নের ১নং ওয়ার্ডের একমাত্র ধর্মীয় প্রতিষ্ঠান ঐতিহ্যবাহী আমুয়া ফোরকানীয়া মাদ্রাসা। এটি ১৯৫৬ সালে প্রতিষ্ঠা হয়। ১৯৭২ সালে তদানীন্তন বরিশালের মাননীয় মিসি (জেলা প্রশাসক) সাহেবের বিশেষ অনুগ্রহে দাখিল শ্রেণী খোলা হয়। শুরু থেকে ইতিপূর্ব পর্যন্ত মাদ্রাসা বোর্ডের কৃতিত্বের সাথে ছাত্র-ছাত্রীরা পাস করে আসছে। কিন্তু বর্তমানে কর্তৃপক্ষ ও সরকারের সচেতনতার অভাবে মাদ্রাসাটি এখনও অনেক মৌলিক সমস্যা থেকে মুক্ত হতে পারেনি। মাদ্রাসার বর্তমানে ছোট-বড় ৩টি ভবন রয়েছে। যার মধ্যে দু'টি একাডেমিক ভবন একটি অফিস/লাইব্রেরী ভবন। অর্ন্ত

মাদ্রাসায়, অভিভাবকের হেলে-হেয়েদের লেগে-পড়ানোর ইচ্ছা থাকে স্বল্পেও একাডেমিক ভবনের অভাবে পড়তে পারছে না। একটি একাডেমিক বিল্ডিং খুবই পুরাতন যার ছাদ থেকে পানি পড়ে, এটি ভেঙ্গে একটি বিতল একাডেমিক ভবন এবং প্রশাসনিক কাজ সুন্দরভাবে পরিচালনার জন্য কমপক্ষে আরও দু'টি ভবন প্রয়োজন। পুরো দক্ষিণবঙ্গের একমাত্র স্বাধীন মাদ্রাসা হওয়ায় দূর-দূরান্ত থেকে অনেক ছাত্র এখানে অধ্যয়ন করে। ছাত্র-ছাত্রীদের প্রাণের দাবী অবিলম্বে মাদ্রাসার সম্বন্ধ জারণা সরকারী রেকর্ড করে বাউন্ডারী ওয়াল করে কমপক্ষে ১০০ গিটের ছায়াবাস নির্মাণ করা। আসন্ন শ্রেণী খোলা দাখিল ও আলিম শ্রেণীতে বিজ্ঞান বিভাগ খোলা।

□ মাও. শাহ মোহাম্মদ হাবীবুল্লাহ